বাস্তবায়ন

Bangladesh 50

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

বিলাইছড়ি উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
www.belaichari.rangamati.gov.bd

বিষয়: আগস্ট/২০২২ মাসের বিলাইছড়ি উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন/সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব বীরোত্তম তঞ্চঙ্গ্যা
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১১ আগস্ট, ২০২২

সময় : সকাল ১০:০০ ঘটিকা, সোমবার

স্থান: উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

[উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য]

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করা হলে তিনি সভা পরিচালনা করেন। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। পঠিত কার্যবিবরণীতে সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনাক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:<br>উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প (৫ম পর্যায়) অনুমোদিত হওয়ায় নির্দেশনা মোতাবেক ইজিপিতে টেন্ডার আহ্বানের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। চারটি ইউনিয়নের নতুন রাস্তার নামকরণ ও আইডিভুক্তকরণের কাজ চলমান রয়েছে। পরিস্থিত 'খ' অনুযায়ী রাস্তার নতুন আইডিভুক্তকরণের জন্য তালিকা অনুমোদন করা হয়। ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্প যাচাই বাছাই সভা অনুসারে কাজ চলমান রয়েছে। বরাদ্দ পাওয়া গেলে কার্যক্রম শুরু করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে বলে তিনি জানান। | সিদ্ধান্ত-১:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিলাইছড়ি |
| ০২ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প:<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান, ৫ম পর্যায়ে সক্ষমতামূলক ০৭টি উপপ্রকল্পের প্রশিক্ষণ সবগুলো শেষ করা হয়েছে। অনুমোদিত ৫ম পর্যায়ের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পসমূহ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | সিদ্ধান্ত-২:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ইউজিডিপি, বিলাইছড়ি |
| ০৩ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ:<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) প্রতিনিধি জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অধীনে ৬০টি নলকূপ স্থাপন করা হয়েছে। অবশিষ্ট কাজ চলমান। রিংওয়েল এর কাজ ৮০% সমাপ্ত হয়েছে। ৯টি ওয়াশব্লক এর ৮০% কাজ সমাপ্ত হয়েছে। ২টি কমিউনিটি টয়লেট কাজের অগ্রগতি ৭০% সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সিদ্ধান্ত-৩ :<br>নলকূপ/রিংওয়েল স্থাপনের কাজে সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ), বিলাইছড়ি |
| ০৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান,<br>১। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচী (১ম পর্যায়) এর আওতায় ৩৪,০০,৯৭২.৯১ টাকা বরাদ্দের বিপরীতে ২৬টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহ অনুমোদনের জন্য কার্যবিবরণীসহ জেলাপ্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে।<br>২। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচী (১ম পর্যায়) এর | সিদ্ধান্ত-৪ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার এবং প্রকল্পের কাজ বিধি মোতাবেক বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিলাইছড়ি |

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়... |
|---|---|---|---|
| | আওতায় ৫২,৪৮,৭৮১.৯৬ টাকা বরাদ্দের বিপরীতে ২৪টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহ অনুমোদনের জন্য কার্যবিবরণীসহ জেলাপ্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে।<br>৩। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচী (১ম পর্যায়) এর আওতায় ৩৪.৯৯২২ মে. টন চাউল বরাদ্দের বিপরীতে ৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহ অনুমোদনের জন্য কার্যবিবরণীসহ জেলাপ্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে।<br>৪। ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচী (১ম পর্যায়) এর আওতায় ৩৪.৯৯২২ মে. টন গম বরাদ্দের বিপরীতে ৫টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। প্রকল্পসমূহ অনুমোদনের জন্য কার্যবিবরণীসহ জেলাপ্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে।<br>৫। গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়) বরাদ্দ ৫৭,৮১,০০০/- টাকার ৮০% কাজ সমাপ্ত হয়েছে।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। | | |
| ০৫ | <u>উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর:</u><br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান, খরিপ-২ মৌসুমে আমন উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১৫২ হেক্টর। বর্তমানে ১২১ হেক্টর জমিতে আমন আবাদ হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে বলে জানান।<br>উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি প্রত্যেক ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার ব্যাপারে আলোচনা করা হয়। আলোচনাক্রমে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়। | সিদ্ধান্ত-৫:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিনিধি ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), বিলাইছড়ি |
| ০৬ | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, গবাদি পশু-পাখীর চিকিৎসার পাশাপাশি প্রতিষেধক টিকা ও কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে রাজস্ব আয় ৪,৩৬৫/- (প্রতিষেধক টিকা বাবদ ৩,৯১৫/- এবং কৃত্রিম প্রজনন বাবদ ৪৫০/-)। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথনিয়মে চলছে বলে জানান।<br>উপজেলা প্রাণিসম্পদ বিভাগের প্রতিনিধি প্রত্যেক ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার ব্যাপারে আলোচনা করা হয়। আলোচনাক্রমে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়। | সিদ্ধান্ত-৬:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার ও উপজেলা প্রাণিসম্পদ বিভাগের প্রতিনিধি ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), বিলাইছড়ি |
| ০৭ | <u>উপজেলা স্বাস্থ্য বিভাগ:</u><br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম চলমান রয়েছে। অন্তঃবিভাগ, বর্হিবিভাগ ও জরুরি বিভাগের রোগীর চিকিৎসা চলমান রয়েছে। সে সাথে কোভিড-১৯ ভ্যাক্সিনেশন কার্যক্রম অব্যাহত রয়েছে। ৫ থেকে ১১ বছর বয়সী সকল শিশুকে বিনামূল্যে কোভিড-১৯ এর টিকা প্রদানের উদ্যোগ নিয়েছে সরকার। এ লক্ষ্যে ৫ থেকে ১১ বছর বয়সী শিশুদের জন্ম নিবন্ধন নিশ্চিতকরণে করোনা টিকা নেওয়ার জন্য আহ্বান জানানো হয়। বর্তমানে বিলাইছড়ি উপজেলা ম্যালেরিয়া রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নিজ নিজ এলাকায় ম্যালেরিয়া প্রতিরোধের ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। শিশু স্বাস্থ্য বিকাশে প্রাইমারী স্কুল প্রাঙ্গণে দোলনা, স্লাইড ইত্যাদি | সিদ্ধান্ত-৭:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার এবং উপজেলা প্রাণিসম্পদ বিভাগের প্রতিনিধি ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>ও<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), বিলাইছড়ি |

| ক্রনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | চিত্ত বিনোদন সামগ্রী স্থাপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা স্বাস্থ্য বিভাগের প্রতিনিধি প্রত্যেক ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার ব্যাপারে আলোচনা করা হয়। আলোচনাক্রমে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়। | পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ০৮ | <u>উপজেলা সমাজসেবা বিভাগ:</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান, ঋণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ কার্যক্রম মধ্যে সুদমুক্তক্ষুদ্রঋণ, পল্লী মাতৃকেন্দ্র, দগ্ধ ও শারীরিক প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম চলমান আছে। এগুলোর বিনিয়োগ ও পুনঃবিনিয়োগকৃত টাকা ২,০৯,২৭,৫০০/-। আদায়যোগ্য টাকা ২,০৫,৪০,৭০৫/-। আদায়কৃত টাকা ১,৪৪,৯১,১৭৩/-। জুলাই/২০২২ মাসে আদায় ১,৯৩,৭৭৫/-। সামাজিক নিরাপত্তা বেস্টনীর কার্যক্রম এর ভাতা ভোগীর সংখ্যার মধ্যে বয়স্ক ১৩০৮ জন, বিধবা ৯৭৯ জন, প্রতিবন্ধী ৪৫৮ জন, শিক্ষা উপবৃত্তি ১০ জন, অনগ্রসর বিশেষ ২৪ জন। মোট ভাতা ভোগীর সংখ্যা ২,৭৭৯ জন। প্রতিবন্ধী ভাতার জন্য প্রতিবন্ধী সার্টিফিকেট প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। যাতে সঠিক প্রতিবন্ধীরা ভাতা পাই। সে বিষয়ে সর্তক থাকার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা সমাজসেবা বিভাগের প্রতিনিধি প্রত্যেক ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার ব্যাপারে আলোচনা করা হয়। আলোচনাক্রমে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়। বিভিন্ন ভাতার কার্যক্রমের জন্য অন্তত পরপর দুই মাস প্রতিনিধি/ইউনিয়ন সমাজকর্মীর পরিবর্তে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে ইউনিয়ন পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত-৮:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার এবং উপজেলা সমাজসেবা বিভাগের প্রতিনিধি/ কর্মকর্তা ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ(সকল), বিলাইছড়ি |
| ০৯ | <u>উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান, 'ভিজিডি কর্মসূচীর আওতায় ২০২১-২২ অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জুলাই ও আগস্ট মাসের চাউল একসাথে বিতরণ করা হবে। 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ' প্রকল্পের আওতায় জুলাই হতে সেপ্টেম্বর-২০২২ মেয়াদের প্রশিক্ষণটি চলমান রয়েছে। উক্ত প্রশিক্ষণটি যথাযথভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। প্রশিক্ষণটি যেন মান সম্পন্ন হয় সে বিষয়ে তত্ত্বাবধান করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>'কিশোর কিশোরী ক্লাব স্থাপন' প্রকল্পের আওতায় ফারুয়া ও বড়থলি ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাবের জন্য প্রকল্পের সভাপতি (উপজেলা নির্বাহী অফিসার) কর্তৃক প্রেরিত আবৃত্তি শিক্ষক ও সংগীত শিক্ষকের প্যানেল অনুমোদন হয়েছে।<br>বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সিদ্ধান্ত-৯:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিলাইছড়ি |
| ১০ | <u>উপজেলা সমবায় বিভাগ:</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, প্রাথমিক সমবায় সমিতিগুলোর বার্ষিক নিরীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। অডিট সেস ও সমবায় উন্নয়ন তহবিল আদায়ের কার্যক্রম অব্যাহত রয়েছে। একটি প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত-১০:<br>নতুন সমিতি গঠনের জন্য পাড়ায় পাড়ায় উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, বিলাইছড়ি |
| ১১ | <u>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত। | সিদ্ধান্ত-১১ :<br>নিয়মিত সভায় উপস্থিত | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, |

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | থাকার অনুরোধ করা হয়। | বিলাইছড়ি |
| ১২ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, শিক্ষার গুনগত মান বৃদ্ধির জন্য উপজেলা মাধ্যমিক পর্যায়ের সকল বিদ্যালয়গুলোর শিক্ষার কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়। গত সভার সিদ্ধান্ত মোতাবেক শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করা হয়। উপজেলা একাডেমিক সুপারভাইজার জানান পরিদর্শনকালে বিলাইছড়ি সরকারি উচ্চ বিদ্যালয় শেখ রাসেল ডিজিটাল ল্যাবে মোট ১৭টি কম্পিউটারের মধ্যে ১২টি ব্যাটারী নষ্ট, ০৮টি ডিসপ্লে নষ্ট, ০৮টি কিবোর্ড নষ্ট এবং ১০টি চার্জার নষ্ট এবং দীপংকর তালুকদার বালিকা উচ্চ বিদ্যালয় শেখ রাসেল ডিজিটাল ল্যাবে সবগুলো কম্পিউটার ভালো। পরিদর্শন প্রতিবেদন লিখিতভাবে দাখিল করার জন্য উপজেলা একাডেমিক সুপারভাইজারকে অনুরোধ জানানো হয় এবং উক্ত প্রতিবেদনসহ উপজেলা প্রোগ্রামার ও আইসিটি অধিদপ্তরে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক জাতীয় শোক দিবস ১৫ই আগস্ট উপলক্ষে নিজ নিজ প্রতিষ্ঠানে সুচারুভাবে সম্পন্ন করার জন্য ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। তাছাড়া স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ৫ হতে ১১ বছর শিক্ষার্থীদেরকে কোভিড-১৯ টিকা প্রদানের জন্য রেজিস্ট্রেশন কাজ সম্পন্ন করার নির্দেশনাও প্রদান করা হয়েছে।<br>বিলাইছড়ি উপজেলায় কলেজ স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। আপাতত উপজেলা পরিষদের জায়গায় অবস্থিত ধুপ্যাচর গ্রামের ব্রিজের পাশে ধুপ্যাচর বিনোদন পার্কটি কলেজ হিসেবে নির্ধারণ করা হয়। বিস্তারিত আলোচনাক্রমে এক সপ্তাহের মধ্যে কলেজ স্থাপনের সকল কাগজপত্র তৈরি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা একাডেমিক সুপারভাইজারকে অনুরোধ জানানো হয়।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে বলে তিনি জানা। | সিদ্ধান্ত-১২ :<br>১। বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার এবং শেখ রাসেল ডিজিটাল ল্যাবের প্রতিবেদনসহ উপজেলা প্রোগ্রামর ও আইসিটি অধিদপ্তরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বিলাইছড়ি উপজেলায় কলেজ স্থাপনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রস্তুত করার জন্য উপজেলা একাডেমিক সুপারভাইজারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>ও<br>উপজেলা একাডেমিক সুপারভাইজার, বিলাইছড়ি |
| ১৩ | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, শিক্ষার গুনগত মান বৃদ্ধির জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিদর্শন ও শ্রেণি কার্যক্রম উন্নয়ন করার জন্য চেষ্টা চলমান আছে। শিক্ষার মান উন্নয়নের জন্য প্রত্যেক ইউনিয়ন পরিষদের প্রত্যেক মাসিক উন্নয়ন সমন্বয় সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে আনুষ্ঠানিক পত্র প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>শিক্ষার মান উন্নয়নের জন্য স্থানীয়ভাবে মেম্বারদের সহযোগিতা চাওয়ার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ জানানো হয়। বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত ক্লাশ করার বিষয়ে আলোচনা করা হয়। শিক্ষকদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি দেখার এবং তাৎক্ষনিক মনিটরিং করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। নতুন জাতীয়করণ বিদ্যালয়সমূহে নিয়মিত ক্লাস করার জন্য স্কুলের শিক্ষক ও পরিচালনা কমিটিকে নিয়ে সভা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথানিয়মে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সিদ্ধান্ত-১৩ :<br>বিদ্যালয়ে শিক্ষকদের নিয়মিত উপস্থিতি পর্যবেক্ষণের লক্ষ্যে নিয়মিত পরিদর্শনের পাশাপাশি তাৎক্ষনিক পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>ও<br>ইউপি চেয়ারম্যান (সকল), বিলাইছড়ি |
| ১৪ | <u>উপজেলা রিসোর্স সেন্টার:</u><br>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার জানান, এমাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন কার্যক্রম চলছে। পরিদর্শন ও শ্রেণি কার্যক্রম পর্যবেক্ষণ করে পাঠ সংশ্লিষ্ট উপকরণ ব্যবহার করে শিখন-শেখানো কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষকদের নির্দেশনা দেয়া হয় যাতে শিখনফল অনুসারে শিক্ষার্থীদের কাংখিত যোগ্যতা অর্জন হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য | সিদ্ধান্ত-১৪ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখা এবং শিক্ষকদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতির | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিলাইছড়ি |

CamScanner

<table>
<tr><th>নং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে।<br>শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে শিক্ষকদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত কামনা করা হয়। এ প্রেক্ষিতে ইউনিয়ন ভিত্তিক শিক্ষকদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতির প্রতিবেদন এ সভায় দাখিল করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ জানানো হয়।</td><td>প্রতিবেদন এ সভায় দাখিল করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>১৫</td><td><u>উপজেলা খাদ্য বিভাগ:</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অনুপস্থিত।</td><td>সিদ্ধান্ত-১৫:<br>নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বিলাইছড়ি</td></tr>
<tr><td>১৬</td><td><u>উপজেলা নির্বাচন বিভাগ:</u><br>উপজেলা নির্বাচন কর্মকর্তা জানান, বিলাইছড়ি উপজেলার ৪টি ইউনিয়নে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে সম্পাদনের জন্য কর্মপরিকল্পনা:
<table>
<tr><th>ক্রঃ</th><th>কার্যক্রম</th><th>শুরু</th><th>শেষ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>বাড়ী গিয়ে তথ্য সংগ্রহ</td><td>২৬/০৬/২০২২</td><td>২১/০৭/২০২২</td><td>চলমান</td></tr>
<tr><td>২</td><td>সংগৃহীত তথ্য যাচাই বাছাই</td><td>২২/০৭/২০২২</td><td>২৪/০৭/২০২২</td><td>কমিটির সিদ্ধান্ত অনুযায়ী</td></tr>
<tr><td rowspan="6">৫</td><td>নিবন্ধন কার্যক্রম</td><td>২৬/০৭ ২০২২</td><td>০৪/০৮/২০২২</td><td>ইউনিয়ন পরিষদ/ রেজিষ্ট্রেশন কেন্দ্রে</td></tr>
<tr><td>ক. বড়থলি ইউনিয়ন</td><td>২৬/০৭/২০২২</td><td>২৮/০৭/২০২২</td><td>২৬/০৭/২০২২</td></tr>
<tr><td>খ. ফারুয়া ইউনিয়ন</td><td>২৯/০৭/২০২২</td><td>৩০/০৭/২০২২</td><td>২৯/০৭/২০২২</td></tr>
<tr><td>গ.কেংড়াছড়ি ইউনিয়ন</td><td>৩১/০৭/২০২২</td><td>০১/০৮/২০২২</td><td>৩১/০৭/২০২২</td></tr>
<tr><td>ঘ. বিলাইছড়ি ইউনিয়ন</td><td>০২/০৮/২০২২</td><td>০৩/০৮/২০২২</td><td>০২/০৮/২০২২</td></tr>
<tr><td>ঙ রিজার্ভ</td><td>০৪/০৮/২০২২</td><td>০৪/০৮/২০২২</td><td>০৪/০৭/২০২২</td></tr>
</table>
পুরণকৃত ফরম সমূহ সুপারভাইজার কর্তৃক যথাযথভাবে যাচাই করে রেজিষ্ট্রেশন অফিসারের নিকট জমা দিবে। বিশেষ কমিটির সিদ্ধান্ত মোতাবেক ফরমসমূহ যাচাই বাছাই করা হবে। ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রমে বাংলাদেশ নির্বাচন কমিশন ও উপজেলা নির্বাচন অফিসার সকলের সহযোগীতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান।</td><td>সিদ্ধান্ত-১৬:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিলাইছড়ি</td></tr>
<tr><td>১৭</td><td><u>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড:</u><br>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আপাততঃ কোন সমস্যা নাই।</td><td>সিদ্ধান্ত-১৭ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকল্প ব্যবস্থাপক, এসএসএসসিএইচটি বিলাইছড়ি</td></tr>
<tr><td>১৮</td><td><u>উপজেলা যুব উন্নয়ন বিভাগ:</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, যুব প্রশিক্ষণ কার্যক্রম, যুব ঋণ বিতরণ, যুব ঋণ আদায়, খেলাপী ঋণ আদায় চলমান রয়েছে। আগামী ১৫ আগষ্ট, ২০২২ জাতীয় শোক দিবস উপলক্ষে ঋণ বিতরণের অংশ হিসেবে ৬টি ঋণের মোট ৩,৮০,০০০/- (তিন লক্ষ আশি হাজার টাকা) আবেদন উপ-পরিচালকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। অনুমোদনের প্রেক্ষিতে উক্ত ঋণ ১৫ আগষ্ট, ২০২২ তারিখে আবেদনকারীদের চেক হস্তান্তর করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সিদ্ধান্ত-১৮:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিলাইছড়ি</td></tr>
<tr><td>১৯</td><td><u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:</u><br>উপজেলা পরিবার পরিকল্পনা অনুপস্থিত।</td><td>সিদ্ধান্ত-১৯:<br>নিয়মিত সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিলাইছড়ি</td></tr>
</table>

CamScanner

| ক্রঃনং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ২০ | **বন বিভাগ:**<br>রেঞ্জ কর্মকর্তা, আলিখিয়ং রেঞ্জ জানান, ২০২১-২২ অর্থ বছরে ১০০ হেক্টর এএনআর বাগান সৃজন কাজ সন্তোষজনকভাবে শেষ হয়েছে। বাগানটি ফলজ, বনজ ও ঔষধি চারা দ্বারা সৃজন করা হয়েছে। সৃজিত বাগানটি সফল করার লক্ষ্যে বন বিভাগ কর্তৃক নিয়মিত টহল প্রদান কাজ চলমান এবং এ ব্যাপারে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করা হয়।<br>বিভাগীয় অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান। | সিদ্ধান্ত-২০:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, আলিখিয়ং, বিলাইছড়ি |
| ২১ | **জাতীয় মহিলা সংস্থা:**<br>চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি জানান, ০৮ আগষ্ট ২০২২ তারিখ বঙ্গমাতা ফজিলাতুন নেছা মুজিব এর ৯২তম জন্ম বার্ষিকী উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের সাথে সমন্বয় করে উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে সংস্থা হতে দুইজন অসহায় নারীকে সেলাই মেশিন বিতরণ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যাক্রম স্বাভাবিকভাবে চলমান। | সিদ্ধান্ত-২১ :<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, বিলাইছড়ি |
| ২২ | **পল্লী সঞ্চয় ব্যাংক:**<br>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান, জুলাই/২০২২ খ্রি. মাসের সমিতি গঠন ৬৫টি, সদস্য ভর্তি ৩০৩০ জন, সঞ্চয় আদায় ২৫৭.০৩ লক্ষ টাকা। চলতি অর্থ বছরের ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫০৯.৬১ লক্ষ টাকা, চলতি অর্থ বছরে জুলাই/২০২২ পর্যন্ত বিতরণ ২৫.৫৫ লক্ষ টাকা এবং বিতরণের হার ৫%। চলতি অর্থ বছরের ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা ৫০৯.৬১ লক্ষ টাকা, চলতি অর্থ বছরে জুলাই/২০২২ পর্যন্ত আদায় ৩৪.৪৫ লক্ষ টাকা এবং আদায়ের হার ৭%। মোট তহবিল ৮০৯.৮৬ লক্ষ টাকা। উপজেলায় আদায়ের হার ৮৮% এবং খেলাপির হার ১২%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সিদ্ধান্ত-২২ :<br>ঋণ আদায় ও বিতরণ নির্দেশনা মোতাবেক সমন্বয় করে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিলাইছড়ি শাখা |
| ২৩ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:**<br>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। আপাতত: কোন সমস্যা নাই। | সিদ্ধান্ত-২৩:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৪ | **উপজেলা পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ:**<br>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান, বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান আছে। | সিদ্ধান্ত-২৪:<br>বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৫ | **সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক:**<br>প্রতিনিধি, সিএইচটি হেডম্যান নেটওয়ার্ক অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৫:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | হেডম্যান (সকল), বিলাইছড়ি |
| ২৬ | **তথ্য আপা প্রকল্প(২য় পর্যায়) :**<br>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প(২য় পর্যায়) অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৬:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা গৃহীত হয়। | তথ্যসেবা কর্মকর্তা, বিলাইছড়ি |
| ২৭ | **ইসলামিক ফাউন্ডেশন :**<br>সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | সিদ্ধান্ত-২৭:<br>কার্যক্রম গতিশীল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, বিলাইছড়ি |
| ২৮ | **বিদ্যুৎ বিভাগ:**<br>আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ অনুপস্থিত। | সিদ্ধান্ত-২৮:<br>সভায় নিয়মিত উপস্থিত থাকার অনুরোধ করা হয় হয়। | আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ |

CamScanner

| নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | <u>বিবিধ-১: ওয়েব পোর্টাল সংক্রান্ত :</u><br>সভায় বিলাইছড়ি উপজেলার বিভিন্ন বিভাগের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ বিষয়ে সকল দপ্তরের প্রধানদের স্ব-স্ব দপ্তরের ওয়েব পোর্টালের তথ্য নিজ নিজ দায়িত্বে নিয়মিত হালনাগাদ করার জন্য অনুরোধ করা হয়। | সিদ্ধান্ত-২৯(বিবিধ-১) : ওয়েব পোর্টাল এর তথ্য নিয়মিত হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান/ কর্মকর্তা(সকল), বিলাইছড়ি |
| | <u>বিবিধ-২: লাইব্রেরি, জিমনেসিয়াম ও ক্রীড়া সংস্থা পরিচালন সংক্রান্ত :</u><br>সভায় বিলাইছড়ি উপজেলায় লাইব্রেরি, জিমনেসিয়াম ও ক্রীড়া সংস্থার অফিস স্থাপনের ব্যাপারে আলোচনা করা হয়। নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রেক্ষিতে বর্তমানে ব্যবহৃত ভবন থেকে উপজেলা সমাজসেবা কার্যালয় ও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড স্থানান্তর হয়। পূর্বে ব্যবহৃত ভবন বর্তমানে খালি। উক্ত ভবন মেরামত করে লাইব্রেরি, জিমনেসিয়াম ও ক্রীড়া সংস্থা পরিচালনা করার জন্য প্রস্তাব করা হয়। বিস্তারিত আলোচনাক্রমে প্রস্তাবটি সভায় গৃহীত হয়। উক্ত এলাকাটি 'তারুণ্য উদ্যোন' হিসেবে নামকরণ করা হয়। | সিদ্ধান্ত-২৯(বিবিধ-২) : উক্ত ভবনটি মেরামত পূর্বক লাইব্রেরি, জিমনেসিয়াম ও ক্রীড়া সংস্থা পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত এলাকাটি 'তারুণ্য উদ্যোন' হিসেবে নামকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধান/ কর্মকর্তা(সকল), বিলাইছড়ি |
| | <u>বিবিধ-৩: পর্যটন সংক্রান্ত :</u><br>টুরিজম ব্যবস্থাপনা সংক্রান্ত :<br>চেয়ারম্যান, ফারুয়া ইউপি বলেন, উপজেলার অন্যতম দর্শনীয় স্থান "ধুপপানি" ঝর্ণা, কিন্তু পর্যটকদের নিকট সুনির্দিষ্ট তথ্য না থাকার কারণে তারা সেটির সৌন্দর্য্য উপভোগ করতে পারেন না এবং অনেক সময় অনাকাঙ্খিত সমস্যার সম্মুখিন হন। তিনি বলেন এ বিষয়ে একটি সুনির্দিষ্ট সময়সূচি প্রণয়ন করলে দুর দুরান্ত হতে আগত পর্যটকরা "ধুপপানি" ঝর্ণার সৌন্দর্য্যসহ উপজেলার অন্যান্য দর্শনীয় স্থানের সৌন্দর্য উপভোগ করতে পারবেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত প্রস্তাবনা সভায় উপস্থাপন করা হয়।<br><br>পর্যটন স্পট ভিত্তিক পরিবেশ রক্ষা কমিটি :<br>পর্যটন স্পট ভিত্তিক পরিবেশ রক্ষা কমিটি গঠন করা হবে; যার উপদেষ্টা হবেন সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (পদাধিকারবলে), বর্ণিত কমিটি উপজেলা আইন-শৃংখলা কমিটি অনুমোদন করবে এবং উপদেষ্টা কমিটির পরামর্শ অনুযায়ী প্রয়োজনীয় কার্যাবলী গ্রহণ করবেন; উপদেষ্টা কমিটি প্রয়োজনে কমিটি পুনঃগঠন করতে পারবেন। এ কমিটি পর্যটন স্পট এর পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ, পরিবেশে রক্ষা ও অবকাঠামো উন্নয়নের খাতে ব্যয়ের লক্ষ্যে প্রত্যেক পর্যটক হতে সর্বোচ্চ ২০/- (বিশ) টাকা এন্ট্রি ফি নিতে পারবেন। কমিটি পর্যটকদের ভ্রমণের সুবিধার্থে গাইড নিয়োগ করবেন এবং প্রত্যেক গাইড ছবি ও মোবাইল নাম্বার সম্বলিত আইডি কার্ড বহন করবেন, প্রতি ১০ জন পর্যটকের জন্য কমপক্ষে ০১ জন আইডি কার্ডধারী গাইড আবশ্যিকভাবে থাকতে হবে। পর্যটন স্পট ভিত্তিক ছবি ও মোবাইল নাম্বার যুক্ত গাইডদের একটি করে তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জোন কমান্ডার, বিলাইছড়ি জোন এবং অফিসার ইনচার্জ, বিলাইছড়ি থানায় কমিটি প্রেরণ করবেন। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত এরূপ পরিচয়পত্রে উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর থাকবে। এছাড়া ট্যুর গাইডের মজুরী অবশ্যই পর্যটন স্পট ভিত্তিক পরিবেশ রক্ষা কমিটির সভায় অনুমোদনক্রমে হতে হবে।<br><br>পর্যটন স্পটে গমনা-গমন সময়সূচি সংক্রান্ত :<br>উপ-অধিনায়ক, বিলাইছড়ি জোন বলেন, পর্যটকদের নিরাপত্তার স্বার্থে পর্যটন স্পটসমূহে গমনা-গমন সময়সূচি অনুসরণ করা প্রয়োজন। পর্যটন স্পট ভিত্তিক গমনা-গমনের একটি সময়সূচি উপস্থাপন করা হয়, যা নিম্নরূপ – | ১) পর্যটন স্পটসমূহের পর্যটকদের যাতায়াত সুবিধা বৃদ্ধি এবং পর্যটন স্পটসমূহের পরিবেশ রক্ষার স্বার্থে বর্ণিত কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। পর্যটন স্পট ভিত্তিক কমিটি গঠন করে চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউপি ও উপদেষ্টা কমিটির সভাপতি উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করবেন। উপজেলা নির্বাহী অফিসার পরবর্তী আইন-শৃংখলা কমিটির সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন করবেন।<br><br>২) পর্যটকদের নিরাপত্তার স্বার্থে বর্ণিত সময়সূচি অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সময়সূচি ট্যুর অপারেটরগণ উপজেলার বিভিন্ন দর্শনীয় স্থানে বিলবোর্ড আকারে প্রদর্শনের ব্যবস্থা | ১) সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান, বিলাইছড়ি<br><br>২) ট্যুর অপারেটর, বিলাইছড়ি |

<table>
<tr><th>ক্রঃনং</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>
<table>
<tr><th>ক্রঃনং</th><th>পর্যটন স্পটের নাম</th><th>গাছকাটা ছড়া আর্মি ক্যাম্পে রিপোটিং সর্বশেষ সময়</th><th>গাছকাটা ছড়া আর্মি ক্যাম্পের ত্যাগের সময়</th></tr>
<tr><td>১।</td><td>ধুপপানি ছড়া ঝর্ণা</td><td>সকাল ১১.০০ ঘটিকা (যাওয়া)</td><td>বিকাল ০৫.০০ ঘটিকা (ফেরত)</td></tr>
<tr><td>২।</td><td>ন' কাটা ছড়া/মুপ্পো ছড়া ঝর্ণা</td><td>দুপুর ১২.০০ ঘটিকা (যাওয়া)</td><td>বিকাল ০৫.০০ ঘটিকা (ফেরত)</td></tr>
<tr><td>৩।</td><td>গাছকাটা ছড়া ঝর্ণা</td><td>দুপুর ১২.০০ ঘটিকা (যাওয়া)</td><td>বিকাল ০৫.০০ ঘটিকা (ফেরত)</td></tr>
</table>
এ বিষয়ে আলোচনার পর বর্ণিত সময়সূচি অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>করবেন।</td><td></td></tr>
</table>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীরোত্তম তঞ্চঙ্গ্যা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
সেল: ০১৮৪৩৯২০১৫১
cuzpbelai@gmail.com

স্মারক নং: ০৫.৪২.৮৪২৯.০০০.০০১.১৭.২১-৪৮৮(ক)

২৭ শ্রাবন, ১৪২৯
১১ আগস্ট, ২০২২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও মাননীয় সংসদ সদস্য, ৩০০ পার্বত্য বান্দরবান
২। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি
৩। মাননীয় সংসদ সদস্য, ২৯৯ পার্বত্য রাঙ্গামাটি
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগ
৬। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, রাঙ্গামাটি পার্বত্য জেলা
অবগতি ও কার্যার্থে:
৮। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
৯। উপজেলা ........................................ কর্মকর্তা, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১০। চেয়ারম্যান, বিলাইছড়ি/কেংড়াছড়ি/ফারুয়া/বড়থলি ইউনিয়ন পরিষদ, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১১। জনাব ......................................................, বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১২। সিএ টু উপজেলা পরিষদ চেয়ারম্যান। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
১৩। সংরক্ষণ নথি

(মো. মিজানুর রহমান)
পরিচিতি নং-১৭৪৩৯
উপজেলা নির্বাহী অফিসার
বিলাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা
সেল: ০১৮৫৬৪২৪৩৮৭
unobelaichhari@mopa.gov.bd

CamScanner

সভা নং- ০৯/২০২২-২৩

অদ্য ১১/০৮/২০২২ খ্রি. তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় বিলাইছড়ি উপজেলা পরিষদের আগস্ট/২২ মাসের মাসিক উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

উপস্থিত সদস্যবৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| ক্র. নং | নাম ও পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১: | [illegible] চেয়ারম্যান উপজেলা পরিষদ | [illegible] | [signature] |
| ২. | মো. [illegible] মেডিকেল অফিসার | 01821607960 | [signature] |
| ৩. | | | |
| ৪ | | | |
| ৫. | মোহাম্মদ আনোয়ার হোসেন ইঞ্জিনিয়ার, [illegible] | 01819356860 | [signature] |
| ০৬ | মো: [illegible] PIO | [illegible] | [signature] |
| ০৭ | রিনি চাকমা UWAO | [illegible] | [signature] |
| ০৮ | [illegible] চাকমা UAS | [illegible] | [signature] |
| ০৯ | মোহাম্মদ আলী হোসেন [illegible] | 01675350306 | [signature] |
| ১০. | মো: জহির উদ্দিন ওসি: [illegible] | 01553119305 | [signature] |
| ১১ | মো: শহিদুল ইসলাম সহকারী [illegible] | 01826.197082 | [signature] |
| ১২ | [illegible] [illegible] বিলাইছড়ি | [illegible] | [signature] |

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | [illegible] (অ: দা:) | 01818 861961 | |
| | [illegible] | 0188 0 846 908 | |
| | [illegible] | 01882848-202 | |
| | মো: [illegible] সু: প্রা: অ: [illegible] | 01553633852 / 01527332236 | |
| | [illegible] | 01860869371 | |
| | [illegible] | 01994789190 | |
| | মো: [illegible] | 01812998266 | |
| | [illegible] | [illegible] | |
| | [illegible] | 01557661608 | |

| ক্র.নং | নাম ও পদবী- | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|
| | নিখিলেশ চাকমা<br>ইমেরুনা শিক্ষা নিকেতন | 01550607707 | [signature] |
| | সুনীল বরন চাকমা<br>উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | 01575409659 | [signature] |
| | মো: মিজানুর হক<br>উপজেলা সমাজসেবা ও বিবিধ অফিসার | 01895197290 | [signature] |
| | বিদ্যালাল তঞ্চঙ্গ্যা<br>চেয়ারম্যান, ৩ নং ফারুয়া | 01822806333 | [signature] |
| | সুশীল কান্তি দেওয়ান<br>চেয়ারম্যান,<br>১নং বিলাইছড়ি | 01556596914 | [signature] |
| | আতোমং মারমা<br>চেয়ারম্যান ৪নং বড়থলি<br>ইউপি বিলাইছড়ি। | 01833085716 | [signature] |